

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.৬৬

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৯

২০ জুলাই ২০২২

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা দায়েরকৃত এ.টি.নং-১৯৫/২০২২ মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার সদর উপজেলাধীন কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ এর জনাব ড. আবু জাফর সালেহ আহমদ খন্দকার অধ্যাপক (পদার্থবিজ্ঞান) সহ মোট ১৯ (উনিশ) জন চাকুরীতে যোগদানের তারিখ হইতে ১০ বছর পূর্তিতে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রদান করা জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এ.টি.নং-১৯৫/২০২২ মামলা দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৪ (চার) জন-কে বিবাদী করা হয়েছে। আগামী ২০/০৭/২০২২ ইং তারিখে মধ্যে বিবাদীগণতে লিখিত জবাব/আপত্তি সত্যপাট সহ (যদি থাকে) অনুলিপি সহকারে ০২ (দুই) প্রস্ত অত্র প্রশাসনিক ট্রাইব্যুনালে সকাল ১০.০০ ঘটিকার মধ্যে দাখিল করার নির্দেশনা রয়েছে। উপর্যুক্ত বর্ণনার আলোকে সচিব মহোদয়ের পক্ষ থেকে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা মামলার বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) প্রশাসনিক ট্রাইব্যুনালে এ.টি.নং-১৯৫/২০২২ মামলা এর বিষয় সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

(গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা /প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

২০-৭-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.৬৬/১

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৯

২০ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

- ২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২০-৭-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব